





# ডিভাইস সুরক্ষিত রাখতে করণীয়



মামা তোমার মোবাইল অফ কেন?

ভেবেছি আর মোবাইল  
ব্যবহার করবো না।  
তাই অফ করে রাখছি।



মোবাইলের অনেক সুবিধা  
আছে সত্য, কিন্তু একটু  
এদিক সেদিক হইলেই  
বিপদ।



কী বলো? কেন মামা?



এটা কোনো কথা?

তুমি যদি মোবাইল বা অন্যান্য  
ডিভাইসগুলো সুরক্ষিত রেখে  
ব্যবহার করতে পারো তাহলে  
তো আর কোনো বিপদের  
সম্ভাবনা নেই।



তাই নাকি?  
কিন্তু কীভাবে ডিভাইস  
সুরক্ষিত রাখা যায় সেটাই  
তো জানি না।

চিন্তা করো না আমি বলে দিচ্ছি।  
শোনো,

তোমার ডিভাইসটিকে সুরক্ষিত রাখতে পাসওয়ার্ড,  
পিন বা প্যাটার্ন লকের ব্যবস্থা করবে।

তুমি যদি ডিভাইসটি কোথাও ফেলে আসো  
বা হারিয়ে ফেলো, তাহলে এই ব্যবস্থাগুলো  
প্রতিরোধক হিসাবে কাজ করবে।

তারপর,  
প্লে স্টোর থেকে কোনো অ্যাপ ডাউনলোড করার  
পূর্বে অ্যাপটির রেটিং এবং রিভিউ বা মন্তব্যগুলো  
পড়ে নিতে হবে।

অ্যাপটি ডাউনলোড করার সময় অ্যান্টিভাইরাস  
চালু রাখবে এবং ডাউনলোড শেষে কোনো  
অপ্রয়োজনীয় প্রবেশাধিকার চাইলে অ্যাপটি  
আনইনস্টল করে ফেলতে হবে।

আচ্ছা তারপর?

তোমার ডিভাইসটির অপারেটিং  
সিস্টেম এবং অ্যাপ আপডেট রাখবে।

আর শোনো,

তুমি যদি মোবাইল ফোনের মাধ্যমে অনলাইন ব্যাংকিং বা  
অন্য কোনো লেনদেন করো তাহলে কাজ সম্পূর্ণ হয়ে  
গেলে সেই সাইটগুলো থেকে লগ আউট করে ফেলবে।

আর ব্যবহার না হলে ডিভাইসের সাথে  
পাবলিক ওয়াই ফাই সংযোগ এবং  
ব্লুটুথ বন্ধ করে রাখবে।

মনে থাকবে?

